আলমডাঙ্গায় পেটে বাচ্চা নিয়ে ঝুঁলছিলো গৃহবধূ; মৃত্যু নিয়ে রহস্য

আলমডাঙ্গা উপজেলায় অন্তঃসত্ত্বা এক গৃহবধূর রহস্যজনক মৃত্যু হয়েছে। মঙ্গলবার সকালে পৌর এলাকার এরশাদপুর গ্রামে এ ঘটনা ঘটে। এ ঘটনায় মঙ্গলবার দুপুরে পুলিশ লাশ উদ্ধার করে মর্গে প্রেরণ করেছে।

নিহত গৃহবধূর নাম সোনিয়া খাতুন (২৫)। সোনিয়া পৌর এলাকার এরশাদপুর গ্রামের টিটুর স্ত্রী ও উপজেলার আইলহাঁস ইউনিয়নের হাকিমপুর গ্রামের ইমান আলীর মেয়ে।

এলাকাবাসী জানায়, পৌর এলাকার এরশাদপুর গ্রামের হবি উদ্দিনের ছেলে টিটুর সাথে দুই বছর আগে বিয়ে হয় সোনিয়ার । বিয়ের পর থেকেই শ্বশুরবাড়ির লোকজন সোনিয়াকে মানসিক ভাবে নির্যাতন করে আসছিল। মঙ্গলবার সকাল সাড়ে ৫ টায় টিটু স্ত্রীকে বাড়িতে রেখে মুরগী খামারে পানি দিতে যায়। দরজা বন্ধ দেখে টিটু তার স্ত্রীকে ডাকতে থাকে। প্রতিবেশীদের সহযোগিতায় ঘরে প্রবেশ করে শোবার ঘরের (আড়া) সাথে ঝুলন্ত অবস্থায় দেখতে পায়।

নিহতের স্বামী টিটু বলেন, সকালে মুরগী খামারে পানি দিতে যায়। ফিরে ঘর বন্ধ দেখতে পায়। প্রতিবেশীদের সহযোগীতায় ঘরের দরজা ভেঙে সোনিয়ার ফাঁসিতে ঝুলতে দেখি। তার স্ত্রী ৮ মাসের অন্তঃসত্ত্বা ছিলেন।

নিহত সোনিয়ার পিতা অভিযোগ করে বলেন, বিয়ের পর থেকেই শ্বশুরবাড়ির লোকজন তাকে মানসিক ভাবে নির্যাতন করতো। এটি আত্মহত্যা নয়, পরিকল্পিক হত্যা।

আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা বিপ্লব কুমার নাথ জানান, এরশাদপুর গ্রামে এক গৃহবধু ফাঁসিতে ঝুলে আত্মহত্যা করেছে এমন সংবাদ পেয়ে পুলিশ ঘটনাস্থলে যাই এবং লাশ উদ্ধার করি। এটি হত্যা না আত্নহত্যা তা ময়না তদন্তের পর জানা যাবে।

আলমডাঙ্গায় ট্রাক থেকে পড়ে আহত যুবকের মৃত্যু

ধান বোঝাই ট্রাক থেকে পড়ে আহত যুবক চিকিৎসাধীন অবস্থায় মৃত্যু হয়েছে। গতকাল সোমবার দুপুর ১ টার দিকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে তার মৃত্যু হয়। নিহত সেলিম হোসেন (২৫) আইলহাঁস ইউনিয়নের কুটি-পাইকপাড়া গ্রামের সামসুল ইসলামের ছেলে।

জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার আইলহাঁস ইউনিয়নের সেলিম ইসলাম একই গ্রামের মান্নান মালিথার আড়তে লেবারের কাজ করতেন। গত শুক্রবার সাড়ে ৪ টার দিকে ওই আড়তের ট্রাকে ধান বোঝাই করছিলো। এসময় মাথা ঘুরে ট্রাকের উপর থেকে পাঁকা রাস্তায় পড়লে, সে গুরুত্বর আহত হয়।

তাকে উদ্ধার করে প্রথমে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নেয়। তার শারীরিক অবস্থা অবনতি হলে তাকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করে। সেখানে চিকিৎসাধীন অবস্থায় গতকাল সোমবার দুপুরে মৃত্যু বরণ করেন। এঘটনায় নিহত যুবকের পিতা বাদী হয়ে আলমডাঙ্গা থানায় অপমৃত্যু মামলা দায়ের করেন।

দর্শনায় ডেঙ্গু প্রতিরোধে মশক নিধন কার্যক্রমের উদ্ধোধন

দর্শনায় ডেঙ্গু প্রতিরোধে মশক নিধন কার্যক্রমের শুভ উদ্ধোধন করলেন দর্শনা পৌরসভার মেয়র আতিয়ার রহমান হাবু।

এ সময় তিনি বলেন ডেঙ্গু এখন সারাদেশেই ছড়িয়ে পড়েছে। আগের যে কোন সময়ের তুলনায় এ বছর আক্রান্ত ও মৃত্যর সংখ্যাও বেশি। ডেঙ্গু পরিস্থিতি এখন যে পর্যায়ে রয়েছে একে মহামারিই বলে মনে করছে

বিশেষজ্ঞরা। তাই বর্তমানে ডেঙ্গু পরিস্থিতিকে জনস্বাস্থ্যর জন্য জরুরী অবস্থা হিসাবে ঘোষনা করতে সরকার পরামর্শ দিয়েছে। ডেঙ্গুজ্বর নিয়ন্ত্রন ও প্রতিরোধের লক্ষে দর্শনা পৌরসভায় মশক নিধনের শুভ উদ্ধোধন করা হলো।

গতকাল সোমবার বেলা ১২ টার দিকে দর্শনা থানা চত্বরে মশক নিধনের কার্যক্রম শুরু করে।এ সময় উপস্থিত ছিলেন দর্শনা থানার অফিসার ইনচার্জ ফেরদৌস ওয়াহিদ,দর্শনা রেল বাজার দোকান মালিক সমিতির সাধারন সম্পাদক ও কাউন্সিলর সাবির হোসেন মিকা, এস আই টিপু সুলতান, যুবলীগ নেতা আব্দুস সালাম ভুট্ট, সাবেক কাউন্সিলর কানছু মাতবর প্রমুখ।

আলমডাঙ্গায় ভ্রাম্যমাণ আদালতে ৪ প্রতিষ্ঠানকে জরিমানা

আলমডাঙ্গা ভ্রাম্যমাণ আদালত ৪ প্রতিষ্ঠানকে জরিমানা করেছে। মেয়াদোত্তীর্ণ মালামাল বিক্রয়সহ বিভিন্ন অপরাধে ওই ৪টি প্রতিষ্ঠানে গতকাল সোমবার বিকেলে এ অভিযান পরিচালিত হয়। অভিযানে ৪টি প্রতিষ্ঠানে ৪ হাজার টাকা জরিমানা করেছে ভ্রাম্যমান আদালত।

জানা গেছে, আলমডাঙ্গার সহকারী কমিশনার ভূমি রেজওয়ানা নাহিদের নেতৃত্বে বিকেলে পৌর শহরের চার তালার মোড়ের কয়েকটি প্রতিষ্ঠানে ভ্রাম্যমান আদালত পরিচালিত হয়।

অভিযানকালে মেয়াদোত্তীর্ণ পণ্য রাখা, পাটজাত মোড়ক ব্যবহার না করা, মূল্যতালিকা না টাঙানোর অপরাধে মুদিব্যবসায়ী সাইদুর রহমানকে ১হাজার টাকা, বিজেস কুমার রামেকাকে ১ হাজার টাকা, আব্দুল লতিফকে ১ হাজার টাকা, অমিত ভৌতিকাকে ১ হাজার টাকা জরিমানা করে ভ্রাম্যমান আদালত।

ভ্রাম্যমান আদালতের সহযোগিতায় ছিলেন আলমডাঙ্গা থানার এসআই দেবাষিশসহ সঙ্গীয় ফোর্স।

আলমডাঙ্গার সমাজসেবা কর্মকর্তাকে মারপিটের ঘটনায় থানায় মামলা

আলমডাঙ্গা উপজেলা সমাজ সেবা কর্মকর্তা নাজমুল হুসাইনকে মারপিটের ঘটনায় একই দপ্তরের কর্মরত উচ্চমান সহকারী (হিসাব রক্ষক) মনিরুজ্জামানকে আসামীকে করে মামলা দায়ের করেছেন।

গতকাল সোমবার সকাল সাড়ে ১১ টায় আলমডাঙ্গা থানায় এ মামলা দায়ের করেন সমাজ সেবা কর্মকর্তা নাজমুল হুসাইন। এর আগে উপজেলার সকল কর্মকর্তাদের উদ্যোগে সকাল ১০ টায় উপজেলা নির্বাহী অফিসার কক্ষে জরুরী প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়।
মামলার বিষয়ে নিশ্চিত করেন আলমডাঙ্গা থানার পরিদর্শক অফিসার ইনচার্জ (ওসি) বিপ্লব কুমার নাথ।

জানাগেছে, গত রবিবার দুপুর সাড়ে ৩ টার দিকে উচ্চ সহকারী (হিসাব রক্ষক) মনিরুজ্জামানকে জেলা সমাজ সেবা অধিদফতর (ডিজি) বরাবর চিঠি তৈরি করতে নির্দেশ দেন উপজেলা সমাজ সেবা অফিসার নাজমুল হুসাইন। চিঠিতে একাধিক ভুল থাকায় তাকে পূণরায় সংশোধন করতে বলায় মনিরুজ্জামান তার উপর আক্রমণ করেন।

এসময় ক্ষিপ্ত হয়ে কর্মকর্তাকে শারীরিক ভাবে লাঞ্ছিত করে। এতে নাজমুল হুসাইন শারীরিকভাবে অসুস্থ হলে হারদি হাসপাতালে ভর্তি করা হয়। প্রাথমিক চিকিৎসা শেষে তিনি বাড়িতে ফিরে যান। ঘটনার পরপরই জেলা সমাজ সেবা অধিদফতরের (ডিজি) ও আলমডাঙ্গা উপজেলা নির্বাহি অফিসার সমাজ সেবা অফিস পরিদর্শন করেন। পরবর্তীতে চিকিৎসাধীন অবস্থায় বিভিন্ন কর্মকর্তারা হাসপাতালে দেখতে যান নাজমুল হুসাইনকে। ঘটনার পরের দিন গতকাল সোমবার সকাল ১০ টায় সমাজ সেবা কর্মকর্তা নাজমুল হুসাইনকে মারপিটের ঘটনায় উপজেলার সকল কর্মকর্তারা জরুরী মিটিয়ের আয়োজন করেন। সকল কর্মকর্তাদের সম্মতিক্রমে নাজমুল হুসাইন বাদী হয়ে সকাল সাড়ে ১১ টায় আনিসুজ্জামানের বিরুদ্ধে মামলা দায়ের করেন।

এবিষয়ে আলমডাঙ্গা থানার পরিদর্শক ওসি বিপ্লব কুমার নাথ জানান, সোমবার সকালে সমাজ সেবা কর্মকর্তা নাজমুল হুসাইন বাদী হয়ে মামলা দায়ের করেছেন। আইননুসারে আসামী গ্রেপ্তারে চেস্টা চালানো হচ্ছে।

দর্শনায় বাংলাদেশ জুয়েলার্স এসোসিয়েশনের প্রতিষ্টাবার্ষিকী পালিত

সারা দেশের ন্যায় দর্শনা বাংলাদেশ জুয়েলার্স এসোসিয়েশন (বাজুস) দর্শনা থানা শাখার আয়োজনে বর্ণাট্য শোভাযাত্রা ও কেক কাটার মধ্যদিয়ে ৫৮ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়েছে।

আজ সোমবার বিকাল সাড়ে ৪ টার দিকে দর্শনা জুয়েলার্স থানা শাখার আয়োজনে দর্শনা রেলবাজার বটতলা স্বর্ণপট্টি হতে এ বর্ণাট্য শোভাযাত্রা বের হয়।

দর্শনার প্রধান, প্রধান সড়ক বর্ণাট্য শোভাযাত্রা প্রদক্ষিণ শেষে পূনরায় রেলবাজার স্বর্ণ পট্টিতে এসে মিলিত হয়ে সেখানে কেক কাটে ৫৮ বছর পূর্তি প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন করা হয়।

এ প্রতিষ্ঠাবার্ষিকীর কেক কাটা শেষে দর্শনা থানা শাখার জুয়েলারির সভাপতি আসলাম আলীর সভাপতিত্বে আলোচনা করেন, সংগঠনের সহ-সভাপতি সৈনেল সান্তরা, সাধারন সম্পাদক অবনী সান্তারা মানা, সহ-সাধারন সম্পাদক শরিফুজ্জামান (এন্টনি), কোষাধক্ষ্য পরিমল কর্মকার, সাংগঠনিক সম্পাদক মুকুল হোসেন, প্রচার সম্পাদক মুকুল অধিকারী, দপ্তর সম্পাদক বলাই কর্মকার, সদস্য সমরেশ, অমলপাল, মুক্তার হোসেন সাফু, বিজয় কর্মকার, প্রমুখ।

দর্শনায় ওলামা পরিষদের বিক্ষোভ মিছিল ও সমাবেশ

সুইডেনে রাষ্ট্রীয় পৃষ্টপোষকতায় মহাগ্রন্থ আল-কুরআন পোড়ানোর প্রতিবাদে বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার বাদ আছর দর্শনা রেলবাজার বটতলা চত্বরে ওলামা পরিষদ দর্শনা থানার আয়োজনে বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়।

বিক্ষোভ মিছিলটি দর্শনার প্রধান, প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে দর্শনা রেলবাজার বটতলা চত্বরে উপস্থিত হয়ে প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়। উলামা পরিষদ দর্শনা থানা শাখার সভাপতি মাওলানা আব্দুল খালেক এর সভাপতিত্বে প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়।

এ প্রতিবাদ সভায় উলামা পরিষদ দর্শনা থানা শাখার সহ-সম্পাদক দর্শনা ঈশ্বরচন্দ্রপুর জামে মসজিদের পেশ ঈমাম মোস্তাফিজুর রহমান ও প্রচার সম্পাদক মাও. মুফতি ওমর ফারুকের সঞ্চলনায় বক্তব্য রাখেন, ওলামা পরিষদ দর্শনা শাখার সাধারন সম্পাদক মাও. মুফতি জুনায়েদ আল আজাদ, সাংগঠনিক সম্পাদক মৌওলানা মুফতি ওমর ফারুক, দর্শনা পৌর শাখার সম্পাদক মাও. মুফতি ইউনুচ আলী, দর্শনা হল্ট স্টেশন জামে মসজিদের পেশ ঈমাম হাবিবুর রহমান, বেগমপুর ইউনিয়ন সহ-সভাপতি আব্দুল হাই, প্রমুখ।

কার্পাসডাঙ্গা ইউপি জন্ম মৃত্যু নিবন্ধনে উপজেলায় প্রথম স্থান; স্টাফদের মাঝে পুরষ্কার

বিতরণ

দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের জন্ম মৃত্যু নিবন্ধন রেজিষ্ট্রেশন কার্যক্রমে প্রথম হওয়ায় কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের হলরুমে আজ সোমবার বেলা ১১ টায় কোরআন তেলওয়াতের মাধ্যমে চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাসের সভাপতিত্বে পুরষ্কার বিতরণি অনুষ্ঠান করা হয়।

এসময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা, কার্পাসডাঙ্গা ইউনিয়ন আওয়ামী লীগের সহ-সভাপতি আব্দুল কাদের বিশ্বাস, সহ-সভাপতি আব্দুল হান্নান, যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুস সালাম বিশ্বাস,কার্পাসডাঙ্গা ইউনিয়ন আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক জাহিদুর রহমান মুকুল, ইউনিয়ন যুবলীগের যুগ্ম সাধারণ সম্পাদক মো শরিফুজ্জামান শরিফ, ইউনিয়ন ছাত্রলীগের সাধারণ সম্পাদক সানাউল কবির শিরিন, কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের সচিব মো হাসানুজ্জামান সহ ইউনিয়ন পরিষদের সকল সদস্যবৃন্দ। কার্পাসডাঙ্গা ইসলামিয়া ডিগ্রি ফাজিল মাদ্রাসার অধ্যক্ষ জিল্লুর রহমান ও ১৯ টি প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীরা। কুড়ালগাছি ইউনিয়ন পরিষদের ৩নং ওয়ার্ড সদস্য আহসান হাবীব, ৮ নং ওয়ার্ড সদস্য জিল্লুর রহমান,কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের গ্রাম পুলিশ আরাফাত,হারা সরকার সহ সকল গ্রাম পুলিশ।

এরপর প্রত্যক শিক্ষা প্রতিষ্ঠানে ১ টি করে ফুটবল ও একটি করে সিলিং ফ্যান শিক্ষক ও শিক্ষার্থীদের হাতে তুলে দেন। এসময় প্রধান অতিথির বক্তব্যে বলেন এই কোমলমতি শিক্ষার্থীরা আজকের শিশু আগামীর ভবিষ্যৎ। এই শিক্ষার্থীরা মোবাইলে ফ্রী ফায়ার পাবজী গেম খেলে এবং মোবাইলে বিভিন্ন অনুষ্ঠান থেকে বিরত থাকার জন্য শিশুরা ফুটবল খেলার মাঠে থাকবে। তারা ভবিষ্যৎ জীবন গড়বে।খেলার মাধ্যমে তাদের লেখাপড়া মনমানসিকতা পরিবর্তন হবে। সর্বশেষ প্রধান অতিথি কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের মূল ফটক পুরাতন লোহার গেইট পরিবর্তন করে এস এস স্টিলের গেটের উদ্বোধন করেন। এসময় স্থানীয় নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটির সঞ্চালনায় ছিলেন আব্দুস সালাম বিশ্বাস।

দামুড়হুদায় জাতীয়করণের দাবীতে ক্লাস বন্ধ রেখে শিক্ষকদের অবস্থান কর্মসূচি

দেশের মাধ্যমিক শিক্ষা জাতীয়করণের (সরকারিকরণ) দাবিতে এবার বিদ্যালয়ে ক্লাস বন্ধ রেখে অবস্থান কর্মসূচি পালন করেছে শিক্ষকেরা।

বাংলাদেশ শিক্ষক সমিতির ডাকে আজ সোমবার বেলা ১১টার দিকে দামুড়হুদা পাইলট গার্লস স্কুল এন্ড কলেজে এই কর্মসূচি পালন করে মাধ্যমিক স্কুল শিক্ষকেরা।

বাংলাদেশ শিক্ষক সমিতির দামুড়হুদা উপজেলা শাখার সভাপতি নতিপোতা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোমিনুল হক মোমিনের সভাপতিত্বে কর্মসূচিতে বক্তব্য রাখেন দামুড়হুদা পাইলট গার্লস স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ ফাহমিদা রহমান, হোগলডাঙ্গা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ শফিকুল ইসলাম, পাটাচোরা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ শাহাজাহান আলী, কুড়ুলগাছি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক রুহুল আমিন, কালাবাড়ি- রামনগর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ মোস্তাফিজুর রহমান, বিষ্ণুপর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ সহিদুল ইসলাম, কার্পাসডাঙ্গা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোছাঃ জেসমিন নাহার, দর্শনা মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক একেএএম হুমায়ুন কবীর, মদনা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ শামসুল আলম, মোক্তারপুর নিম্ন মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো: বখতিয়ার উদ্দীন, চারুলিয়া নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ হারুণ অর রশিদ, পীরপুরকুল্লা নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ ফয়সাল লতিফ।

এছাড়াও উপস্থিত ছিলেন কার্পাসডাঙ্গা মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ মনিরুজ্জামান, জুড়ানপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ একরামুল হক, তালসারি মাধ্যমিক বিদ্যালয়ের

প্রধান শিক্ষক মোঃ সহিদুল ইসলাম, সদাবরী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ উবাইদুল্লাহ, লোকনাথপুর মাধ্যমিক বিদ্যালয়ের সহ:প্রধান শিক্ষক আব্দুল লতিফ প্রমুখ।

অবস্থান কর্মসূচিতে বক্তব্যে শিক্ষকরা বলেন, গত রোববার থেকে সারাদেশে কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে বিদ্যালয়ের ক্লাস বন্ধ করে এই কর্মসূচি পালন করছি আমরা। আমাদের দাবী আদায় না হওয়া পর্যন্ত এই কর্মসূচি চলমান থাকবে। দাবী মেনে না নিলে আগামীতে আমরণ অনশনের মতো কর্মসূচিও পালন করা হবে।

দর্শনায় ফারিয়ার অফিস উদ্বোধন ও উপদেষ্টা কমিটি গঠন

দর্শনায় ফার্মাসিটিক্যালস রিপ্রেজেন্টেটিভ এসোসিয়েশন (ফারিয়া) দর্শনা থানা শাখার অফিস উদ্বোন করা হয়েছে।

গতকাল রবিবার রাত সাড়ে ৮ টার দিকে দর্শনা পুরাতন বাজারে অবস্থিত শওকত আলী মার্কেটে এ অফিস উদ্বোধন করা হয়।

অফিস উদ্বোধন শেষে সংগঠনের দর্শনা শাখার সভাপতি নেছার আহম্মেদ শাহীনের সভাপতিত্বে এক আলোচনা সভা অনুষ্টিত হয়।

এ অফিস উদ্বোধন ও আলোচনা সভায় সংগঠনের সাধারন সম্পাদক ফাউজুল আজিম (সানজা) এর উপস্থাপনায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে আলোচনা করেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান ও দর্শনা পৌর আওয়ামী লীগের সাধারন সম্পাদক আলি মুনছুর বাবু।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত থেকে আলোচনা করেন দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবু ও দর্শনা থানার অফিসার ইনচার্জ ফেরদৌস ওয়াহিদ।

এ অফিস উদ্বোধন ও আলোচনায় আরও উপস্থিত ছিলেন সংগঠনের সহ-সভাপতি মাহবুবুর রহমান, সহ-সাধারন সম্পাদক রয়েল, সাংগঠনিক সম্পাদক মতিয়ার রহমান ও প্রচার সম্পাদক মামুন সহ সংগঠনের নের্তৃবৃন্দ এবং

সদস্যগণেরা।

এ অফিস উদ্বোধন ও আলোচনা শেষে এক বৈঠকে দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবুকে প্রধান উপদেষ্টা ও দর্শনা থানার অফিসার ইনচার্জ (ওসি) ফেরদৌস ওয়াহিদ এবং এ্যাড. আত্তাব উদ্দিনকে উপদেষ্টা করে ৩ সদস্য বিশিষ্ট একটি উপদেষ্টা কমিটি গঠন করা হয়।